



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./শ্রে.বি/২০০৯/৫৪০

তারিখ: ০৪/০৩/২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে আইকিউএসি কর্তৃক 'Office management' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) আইকিউএসি (IQAC) কর্তৃক 'Office management' বিষয়ক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (৪ মার্চ) বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ভারুয়াল ক্লাসরুমে কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী। বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান। এছাড়া রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিএমআই এর একাউন্টিং এন্ড ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ডিভিশনের প্রধান এম. আমিনুর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেছেন আইকিউএসি-র পরিচালক অধ্যাপক ড.খলিফা মোহাম্মদ হেলাল এবং কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্বে ছিলেন আইকিউএসি-র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ রেজাউল

কর্মশালাটি পবিত্র কুরআন পাঠের মধ্য দিয়ে শুরু হয়। শুরুতে স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি ও আইকিউএসি-র পরিচালক অধ্যাপক ড. খলিফা মোহাম্মদ হেলাল। কর্মশালা শেষ হয় টেকনিক্যাল বিষয়ক কর্মশালার মধ্য দিয়ে।

প্রধান অতিথি অধ্যাপক ড. মোঃ হায়দার আলী বলেন, আমাদের বিশ্ববিদ্যালয়ের যতগুলো স্টেকহোল্ডার আছে, প্রত্যেকটা জায়গায় কিভাবে ভোগান্তি কমানো যায় সেটার চেষ্টা করবেন। একটা কথা ঠিক আমি এবং আপনি কেহই আইনের উর্ধ্বে নয়, জবাবদিহিতার উর্ধ্বে নয়। এই বিল্ডিংটার (প্রশাসনিক) সুনাম সবাই রক্ষার করার চেষ্টা করবেন। সুনাম হলে আপনাদের হবে, আমার হবে না। দুর্নাম হলে আমার হবে, আপনাদের হবে না। আমরা যে যেখানে আছি, যে পজিশনে আছি, আমাদের সবার সিনসিয়ারিটি ও ডেডিকেশন দরকার। মনে রাখবেন আপনাদের সবার সম্মিলিত কর্মকাণ্ডের ফলাফলই আমার ফল। আপনাদের সবাই ভালো করলে আমার সুনাম, আপনাদেরও সুনাম। আবার আপনাদের সবাই খারাপ করলে আমার দুর্নাম, আপনাদেরও দুর্নাম। আমি বিশ্বাস করি, আজকের এই অনুষ্ঠানের মধ্য দিয়ে যেভাবে দৈনন্দিন কাজগুলো সামনে আরও ভালোভাবে করা যায় সেটা লক্ষ্য রাখবেন।

বিশেষ অতিথি অধ্যাপক ড. মাসুদা কামাল বলেন, আমরা বলি এডমিনিস্ট্রেশনে শ্রী 'E' আছে। Efficiency, effectiveness, Economic। অর্থাৎ মিতব্যয়িতার সাথে, কার্যকারিতার সাথে, দক্ষতার সাথে লক্ষ্য পূরণে ফাংশনাল যে কাজ করে তাই হলো ম্যানেজমেন্ট। আর ম্যানেজমেন্টের সাথে অফিস ম্যানেজমেন্টের আসলে পার্থক্য করা যায় না। প্রোডাক্টিভিটি বৃদ্ধি করে, কর্মী সন্তুষ্টি অর্জন করার জন্য যে টুলস ব্যবহার করা হয় তাই অফিস ম্যানেজমেন্ট। এরমধ্যে রিসোর্স ম্যানেজমেন্ট, টাইম ম্যানেজমেন্ট, কাজ সঠিক অর্গানাইজ করা, ওয়ার্ক ফ্লো ঠিক রাখা। প্রোপার ওয়ার্ক ইনভারমেন্টও একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। যেখানে কাজ করে একটা স্বস্তি পাবো সেটাও নিশ্চিত করা অফিস ম্যানেজমেন্টের একটা গুরুত্বপূর্ণ কাজ। আমরা প্রোপার ম্যানেজমেন্ট করে থাকি তাহলে দেখবো রিসোর্স আছে, এফিশিয়েন্ট আছে, ম্যানেজমেন্ট আছে, ইকুইপমেন্ট আছে, ম্যাটেরিয়ালস আছে। আমরা যদি এফিসিয়েন্সি অর্জন করতে চাই তাহলে অফিস ম্যানেজমেন্টে কম ইনপুট দিয়ে সর্বাধিক আউটপুট ইনকাম করা যায় সোদিকে লক্ষ্য রাখতে হবে।

বিশেষ অতিথি অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান বলেন, আমরা অফিস ম্যানেজমেন্ট বলতে যা বুঝি সেখানে আমাদের রিসোর্স দরকার, টাইম ম্যানেজমেন্ট দরকার, টীম ওয়ার্ক করা দরকার, ওডিসি করা দরকার, কাজে মনোনিবেশ করা দরকার। সেগুলো আমরা আজকে জানতে পারব। তবে আমি আরেকটা অনুরোধ করবো, আমাদের দপ্তরগুলো আলাদা আলাদা কিভাবে কাজ করা যায়, কিভাবে গতিশীলতা আনা যায়, কিভাবে একাউন্টিবিলি নিশ্চিত করা যায় সেগুলো নিয়েও কাজ করতে হবে। আমরা মনে রাখব সবসময় আমি যে চেয়ারে বসে কাজ করছি তার একটা মূল্যায়ন রাখা দরকার। অফিস ম্যানেজমেন্টকে আমরা দুইটা শব্দ দিয়ে বুঝি Effectively আর Efficiently। বিশ্ববিদ্যালয়ের আল্টিমেট লক্ষ্য হলো রিসোর্সগুলোকে কাজে লাগিয়ে বিশ্ববিদ্যালয়ের ভীষণ-মিশন পূরণে কাজ করা। আরেকটা কথা সবসময় মনে রাখবেন, আপনাদের মনে করবেন এই বিশ্ববিদ্যালয়ে আপনার সন্তান পড়াশোনা করলে সে যেভাবে বিশ্ববিদ্যালয়কে দেখতে চায় আপনি সে লক্ষ্যই কাজ করবেন, সেভাবেই আপনি কাজগুলো সাজাবেন।

পরিশেষে, ঢাকা বিআইএম এর একাউন্টিং এন্ড ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ডিভিশনের প্রধান এম. আমিনুর টেকনিক্যাল বিষয়কসহ বিভিন্ন বিষয়ে কর্মশালা পরিচালনা করেন।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

০১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০২. পিএ টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৪. সংশ্লিষ্ট নথি।